# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 25-10-2025** **Time: 1.30 P.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বিহার বিধানসভা নির্বাচনের প্রচারাভিযান জোরদার হয়ে উঠেছে। নির্বাচন কমিশন প্রচারাভিযানে কৃত্রিম মেধার ব্যবহার সংক্রান্ত নতুন নির্দেশিকা জারি করেছে।

২) নির্বাচন কমিশন সব ভোটগ্রহণ কেন্দ্রে ভোটারদের সহায়তার জন্য এবং ন্যুনতম সুযোগ সুবিধা নিশ্চিত করতে মুখ্যনির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছে।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন।

৪) নাহায় খায় রীতির মধ্যে দিয়ে সারা দেশে আজ চারদিন ব্যাপী ছট মহাপরবের সূচনা হয়েছে। প্রধানমন্ত্রী এই উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন।

৫) আসিয়ান শীর্ষ বৈঠকে যোগ দিতে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প মালয়েশিয়ার উদ্দেশে রওনা হয়েছেন। গুরুত্বপূর্ণ এই কূটনৈতিক সফরে চীনের রাষ্ট্রপতি শি জিন পিং এবং উত্তর কোরিয়ার নেতা কিম জং উন-এর সঙ্গে ট্রাম্পের সাক্ষাত্ হওয়ার কথা।

৬) ভারত, পাক অধিকৃত এলাকায়, বিশেষ করে জম্মু কাশ্মীরে ভয়াবহ মনাবাধিকার লঙ্ঘন বন্ধ করতে পাকিস্তানকে বলেছে।

৭) সিডনিতে একদিনের ক্রিকেট সিরিজের তৃতীয় তথা শেষ ম্যাচে অস্ট্রেলিয়া ভারতের সামনে জয়ের জন্য ২৩৭ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

---

বিহার বিধানসভা নির্বাচনে প্রথম পর্বের জন্য এনডিএ এবং মহাজোট, উভয়েরই প্রচারাভিযান জমে উঠেছে। এই দফায় আগামী ৬ই নভেম্বর ১৮ টি জেলার ১২১ টি আসনে ভোট নেওয়া হবে। উভয় গোষ্ঠীর তারকা প্রচারকরা পরের পর জনসভা, মিটিং মিছিল করছেন। উন্নয়ন, আইন শৃঙ্খলা, বেকারত্ব, পরিযায়ী শ্রমিক এবং শিক্ষা ব্যবস্থার দিকগুলি উঠে আসছে নির্বাচনী রণকৌশল হিসেবে। আকাশবানীর পাটনার সংবাদদাতা জানিয়েছেন, প্রবীণ বিজেপি নেতা, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ দ্বিতীয় দিনেও প্রচারাভিযানে অংশ নেবেন। তিনি আজ খাগারিয়া, মুঙ্গের এবং নালন্দায় জনসভাতে বক্তব্য রাখবেন।

জনতা দল ইউনাইটেডের সভাপতি, মুখ্যমন্ত্রী নীতিশ কুমার বক্সারের দুমরাঁও এবং পাটনার রামকৃষ্ণনগরে জনসভা করবেন।

এদিকে, হিন্দুস্তানী আওয়াম মোর্চার জিতেন রাম মাঝি মাধেপুরা, সহর্ষ এবং দ্বারভাঙায় নির্বাচনী প্রচারে অংশ নেবেন।

অন্যদিকে, মহাজোটের আর জে ডি নেতা তেজস্বী যাদব এবং বিকাশশীল ইনসান পার্টির মুকেশ সাহানি, খাগারিয়া জেলার গোগরি ও আলাউলিতে প্রচারে যোগ দেবেন। এছাড়াও জনসূরজ পার্টির প্রতিষ্ঠাতা প্রশান্ত কিশোর, জন শক্তি জনতা দলের প্রধান তেজ প্রতাপ যাদপব ও এ আই এম আই এমের নেতারা নিজ নিজ প্রার্থীর মন জয়ের চেষ্টা চালাবেন।

---------------------

নির্বাচন কমিশন, বিহার বিধানসভা নির্বাচনের আগে প্রচার অভিযানে কৃত্রিম মেধার ব্যবহার সংক্রান্ত নতুন নির্দেশিকা জারি করেছে। কমিশন, বিভিন্ন রাজনৈতিক দল, প্রার্থী ও প্রচারকারীদের কৃত্রিমভাবে তৈরী অথবা এআই(AI)-নির্ভর ছবি এবং অডিও-ভিডিও ক্লিপিং ব্যবহারের উদ্দেশ্য সঠিকভাবে প্রকাশ করতে বলেছে। AI জেনারেটেড, ডিজিট্যাল নির্ভর অথবা সিন্থেটিক কনটেন্টভিত্তিক প্রচারের ক্ষেত্রে যাতে অন্ততঃ ১০ শতাংশ দৃশ্যমান ডিসপ্লে এলাকা থাকে, তা’ সুনিশ্চিত করতে বলা হয়েছে। অডিও ক্ষেত্রে প্রচার সীমার প্রথম ১০ শতাংশ এক্ষেত্রে গণ্য করতে হবে। এছাড়াও, এই ধরণের প্রচারের ক্ষেত্রে AI বা সংশ্লিষ্ট অন্য সংস্থাগুলির নাম’ও বিস্তারিতভাবে প্রকাশ করতে বলা হয়েছে। বেআইনী কোনো বিষয় কোন ব্যক্তির অনুমতি ছাড়াই তাঁর পরিচয় অথবা কণ্ঠ ব্যবহার করা এবং ভোটারদের বিভ্রান্ত করে, এমন কোনো বিষয়বস্তুও যাতে প্রচারের সময় ব্যবহার করা না হয়, তাও কমিশন সুনিশ্চিত করতে বলেছে।

নির্বাচন কমিশন, প্রতিটি রাজনৈতিক দলের ক্ষেত্রে এধরণের প্রচারের সময়সীমা তিন ঘন্টায় বেঁধে দিয়েছে।

----------------------

নির্বাচন কমিশন, ভোটের দিন সব ভোট গ্রহণ কেন্দ্রে , ভোটদাতাদের সহায়তা এবং ন্যুনতম সুযোগ সুবিধের বন্দোবস্ত সুনিশ্চিত করার জন্যে সব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছে। এই ন্যুনতম সুযোগ সুবিধের মধ্যে আছে পানীয় জল, প্রতিক্ষালয়, জল সহ শৌচাগার , পর্যাপ্ত আলো, ভিন্ন ভাবে সক্ষম ভোটারদের জন্যে র‍্যাম্প, ভোট দানের জন্যে উপযুক্ত জায়গা এবং যথাযথ চিনহ।

ভোটদাতাদের মধ্যে সচেতনতা বাড়াতে সব ভোট গ্রহণ কেন্দ্রে প্রার্থী তালিকা, ভোট দানের জন্যে অনুমোদিত পরিচয় সংক্রান্ত নথি, কি করনীয় , কি নয় এবং ভোট দানের প্রক্রিয়া সংক্রান্ত বিস্তারিত তথ্য স্পষ্ট ভাবে উল্লেখ করতে বলা হয়েছে। প্রতিটি ভোট গ্রহণ কেন্দ্রে ভোটার সহায়তা বুথ খোলা, ভোটদাতাদের নিজেদের বুথ ও ক্রমিক সংখ্যা খোজার কাজে সহায়তা করার জন্যে বুথ স্তরের আধিকারিক বি এল ও-দের দল প্রস্তুত রাখতেও বলা হয়েছে।

ভোট গ্রহণ কেন্দ্রে ঢোকার মুখে মোবাইল ফোন জমা রাখার বন্দোবস্ত করা এবং তা সংগ্রহ ও ভোট দানের পর ফিরিয়ে দেওয়ার জন্যে স্বেচ্ছাসেবক নিয়োগ করতেও নির্দেশ দিয়েছে কমিশন।

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬ শে অক্টোবর , রবিবার আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

----------------------

নাহায় খায় রীতির মধ্যে দিয়ে সারা দেশে আজ চারদিন ব্যাপী ছট মহাপর্বের আজ সূচনা হয়েছে। কার্তিক মাসের শুক্ল পক্ষে সূর্য দেবের আরাধনার এই উৎসবের মধ্য দিয়ে প্রকৃতি ও স্বচ্ছতাকে পুজো করা হয়ে থাকে। পবিত্র উপবাসের শপথ নিয়ে উৎসবের প্রথম দিন ব্রতীরা পূন্যস্নান করবেন এবং পুজো নিবেদনের পর  লাউয়ের তরকারী দিয়ে আরওয়া চালের ভাত খাবেন।

দ্বিতীয় দিনে আগামীকাল খারনা পালিত হবে। পবিত্র খারনা প্রসাদ গ্রহণের পর শুরু হবে ছত্রিশ ঘন্টা নির্জলা উপবাস।

সোমবার বিভিন্ন নদ নদী ও জলাশয়ে ছট ঘাটে অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করবেন ব্রতীরা। মঙ্গলবার ভোরে উদীয়মান সূর্যকে অর্ঘ্য নিবেদনের মধ্যে দিয়ে শেষ হবে এই উৎসব।

বিহার সহ অন্যান্য রাজ্যে ছট উপলক্ষে যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছট্ মহাপরব উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক সমাজমাধ্যম বার্তায় চারদিনের এই উৎসবের গভীর সাংস্কৃতিক তাৎপর্যতো ভক্তির উল্লেখ করে শ্রী মোদী পুন্যার্থীদের প্রতি শ্রদ্ধা জানান। সারা বিশ্বেই ভারতীয় বংশোদ্ভূতরা ছড়িয়ে পরায়, ছট এখন আন্তর্জাতিক স্বীকৃতী লাভ করেছে বলে উল্লেখ করে তিনি ছট মাইয়া-র উদ্দেশে নিবেদিত ভক্তিগীতিও সকলের সঙ্গে ভাগ করে নেন।

ছট গান

তিনি আরো বলেন, চারদিনের এই ছট উৎসব, সারল্য ও সংযম, পবিত্রতা ও নিয়ম নিষ্ঠার প্রতীক। প্রধানমন্ত্রী আরো বলেন, এই ছট মহাপরব বিশ্বাস, আস্থা, প্রার্থনা ও প্রকৃতির প্রতি ভালবাসার এক অভিনব সংগম। উদীয়মান ও অস্তমান সূর্য দেবতার প্রতি অর্ঘ্য নিবেদন এবং ছট-এর প্রসাদ প্রকৃতির বিভিন্ন বর্ণের সঙ্গে যুক্ত বলে তিনি উল্লেখ করেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী **অমিত শাহ্**, ছট পুজোর 'নাহায়-খায়' উপলক্ষ্যে পুন্যার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন। ছটি মাইয়া সকলের জীবনে সুখ-সম্রদ্ধি নিয়ে আসবে বলেও তিনি প্রার্থনা করেন।

----------------------

বায়ু দূষণ রোধে আগামী ২৮ থেকে ৩০ তারিখের মধ্যে দেশের রাজধানী দিল্লিতে ক্লাউড সিডিং বা কৃত্রিমভাবে মেঘ সৃষ্টি করে প্রথমবার বৃষ্টি নামানোর পরিকল্পনা কোরা হয়েছে। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্ত বলেছেন, কৃত্রিম বৃষ্টিপাত ঘটানোর সমস্ত প্রস্তুতি সম্পন্ন হয়েছে, যা রাজধানীর বায়ু দূষণের বিরুদ্ধে লড়াইয়ে একটি গুরুত্বপূর্ণ প্রযুক্তিগত মাইলফলক।

দিল্লির পরিবেশমন্ত্রী মনজিন্দর সিং সিরসা জানিয়েছেন, বিমান পরিষেবা থেকে শুরু করে আবহাওয়া, সবকিছুই এই প্রযুক্তির সঙ্গে সামঞ্জস্যপুর্ন রেখে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

----------------------

মালয়েশিয়ায় আশিয়ান শীর্ষ বৈঠকে যোগ দিতে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প, গুরুত্বপূর্ণ কূটনৈতিক সফরে এশিয়ার উদ্দেশে রওনা দিয়েছেন। এই সফরে ট্রাম্প চীনের রাষ্ট্রপতি শি জিনপিং, উত্তর কোরিয়ার নেতা কিম জং উন-সহ বহু আঞ্চলিক নেতার সঙ্গে সাক্ষাৎ করবেন বলে মনে করা হচ্ছে। ট্রাম্প এবং শি জিনপিং বিশ্বের দুই বৃহত্তম অর্থনীতির মধ্যে চলতি বাণিজ্য যুদ্ধের অবসানকল্পে পন্থা পদ্ধতি নিয়ে আলোচনা করবেন। ওয়াশিংটন থেকে রওনা হওয়ার প্রাক্কালে ট্রাম্প আস্থা ব্যক্ত করে বলেন, পয়লা নভেম্বর থেকে অতিরিক্ত ১০০ শতাংশ মাশুল পরিহার করতে চীন মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তিতে রাজি হবে বলেই তাঁর বিশ্বাস। মার্কিন রাষ্ট্রপতি, পিং জং উন-এর সঙ্গে সাক্ষাৎ করতে পারেন বলে আভাস দিয়েছেন। উত্তর কোরিয়ার রাষ্ট্রপতি পিং জং উন আগেই বলেছেন, ওয়াশিংটন উত্তর কোরিয়ার সম্পূর্ণ পরমাণু নিরস্ত্রীকরণের দাবী থেকে সরে আসলে তিনি মার্কিন রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করলেও করতে পারেন।

মালয়েশিয়া সফরকালে ট্রাম্প, নতুন বাণিজ্য চুক্তিতে সই করবেন বলে আশা করা হচ্ছে এবং থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরের সময় উপস্থিত থাকবেন। ব্রাজিলের রাষ্ট্রপতি লুলা দ্য সিলভার সঙ্গে তাঁর সাক্ষাৎ করার'ও কর্মসূচী রয়েছে। এরপর ট্রাম্প যাবেন টোকিওতে। সেখানে জাপানের নবনির্বাচিত ও প্রথম মহিলা প্রধানমন্ত্রী শানায় তাকাইচি-র সঙ্গে বৈঠক করবেন।

----------------------

দক্ষিণ কোরিয়া প্রয়োজনীয় প্রতিশ্রুতি পালন করতে সম্মত হলে, মার্কিন যুক্তরাষ্ট্র সোল-এর সঙ্গে বাণিজ্য চুক্তি চূড়ান্ত করতে আগ্রহী। উভয় দেশ এখনো তাদের মতপার্থক্য কমিয়ে আনার লক্ষ্যে কাজ করে চলেছে।

দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি লি জি নিউ এবং মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প, দক্ষিণ পূর্বের শহর জিয়ং জু-তে অ্যাপেক (APEC) শীর্ষ বৈঠকে মুখোমুখি হবেন বলে আশা করা হচ্ছে। দক্ষিণ কোরিয়ার এই সফরে ৩১শে অক্টোবর থেকে পয়লা নভেম্বর পর্যন্ত এই এশীয় প্রশান্ত মহাসাগরীয় অর্থনৈতিক সহযোগিতা- অ্যাপেক অনুষ্ঠিত হওয়ার কথা। মার্কিন আধিকারিকরা জানিয়েছেন, দক্ষিণ কোরিয়ার সঙ্গে জাহাজ নির্মাণ ক্ষেত্রে সহযোগিতা আরো জোরদার করতে ট্রাম্প প্রশাসন আগ্রহী। তবে, লগ্নী প্রস্তাবে অর্থ জোগানোর মতো বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে মতপার্থক্য দূর না হওয়া পর্যন্ত বানিজ্য চুক্তি চূড়ান্ত না হওয়ার সম্ভাবনা।

----------------------

রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি পর্বতানেনী হ্যারিস, পাক অধিকৃত ভারতীয় এলাকা, বিশেষ করে জম্মু-কাশ্মীরে ভয়ঙ্কর মানবাধিকার লঙ্ঘনের ঘটনা বন্ধ করতে পাকিস্তানকে বলেছেন। ৮০-তম রাষ্ট্রসংঘ দিবস উপলক্ষ্যে গতকাল নিরাপত্তা পরিষদে খোলা বিতর্ক চলাকালীন পি হ্যারিশ বলেন, জম্মু-কাশ্মীর সবসময়, ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ হয়েই থাকবে। জম্মু-কাশ্মীরের জনগণ সময়ের পরীক্ষায় উত্তীর্ণ গণতান্ত্রিক ঐতিহ্য ও দেশের সাংবিধানিক কাঠামোর মধ্যে তাদের মৌলিক অধিকার বরাবরই প্রয়োগ করে আসছে। তবে পাকিস্তানে এই ধারণা অচল। পি হ্যারিশ আরো বলেন, সারা বিশ্বকে এক পরিবার হিসেবে দেখার ‘বসুধৈব কুটুম্বকম্’ রীতির প্রতি ভারত অঙ্গীকারবদ্ধা। সকলের জন্য ন্যায়, মর্দাদা এবং সমৃদ্ধি’ও দেশের অঙ্গীকার বলে পি হ্যারিশ জোর দিয়ে বলেন।

----------------------

আফগানিস্তানে তালিবান সরকারের হাতে বেশ কয়েকজন ভারতীয় আটক হওয়ার যে ভিডিও সমাজমাধ্যমের বিভিন্ন চ্যানেলের ঘুরে বেড়াচ্ছে, সরকার, তা ভুয়ো বলে খারিজ করে দিয়েছে। পি আই বির ফ্যাক্ট চেক ইউনিট এক সমাজ মাধ্যমের পোস্টে জানিয়েছে, ভিডিওটি বহু পুরনো। ২০২১ সালের সময়কার। যেকোনো রকম অপপ্রচার থেকে বিরত থাকতেও সাধারণ মানুষের প্রতি আহ্বান জানানো হয়েছে।

----------------------

পাকিস্তানে, বেলুচিস্তানের খুজদার জেলায় একটি নির্মাণ সংস্থার কাজের এলাকা থেকে অজ্ঞাত পরিচয় বন্দুকধারীরা গতকাল ১৮ জন শ্রমিককে অপহরণ করেছে। বেশ কয়েকটি

গাড়িতেও আগুন লাগিয়েছে তারা। নিরাপত্তা কর্মীরা জানিয়েছেন, সশস্ত্র আততায়ীরা প্রথমে স্থানীয় নিরাপত্তারক্ষীদের উপর হামলা চালায় এবং তারপর শ্রমিকদের অজ্ঞাত স্থানে নিয়ে যায়।

---------------------

অর্থনীতি বিষয়ক টাস্ক ফোর্স FATF পাকিস্তানকে সতর্ক করে দিয়ে বলেছে, ২০২২ এর অক্টোবরে তাদের নাম ধূসর তালিকা থেকে বাদ দেওয়ার অর্থ এই নয় যে তারা সন্ত্রাসবাদিদের সহযোগিতা করবে। ফ্রান্সে এক সাংবাদিক সম্মেলনে FATF এর সভাপতি এলিসা দে আন্দা মাদ্রাজো বলেছেন, পাকিস্তান সহ অন্য দেশের উচিৎ অপরাধ চিহ্নিতকরণ ও তার মোকাবিলায় উদ্যোগী হওয়া। জৈশ ই মহম্মদ জঙ্গীগোষ্ঠী, সন্ত্রাসবাদী শিবিরগুলি চালানোর জন্য ডিজিটাল ওয়ালেট ব্যবহার করছে বলে রিপোর্ট আসার পরই FATF এর সভাপতির এই মন্তব্য।

---------------------

মার্কিন যুক্তরাষ্ট্রে এবছর এপর্যন্ত এক হাজার ৬১৮ জনের হাম এবং তা' থেকে তিনজনের মৃত্যু রেকর্ড করা হয়েছে। ১৯৯২ সালের পর থেকে এই রোগের সংক্রমণ, এটাই সর্বোচ্চ বলে মার্কিন রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ কেন্দ্র CDC-র খবর। যে কয়জনকে হাসপাতালে ভর্তি করার প্রয়োজন ছিল, তাদের মধ্যে ১২ শতাংশই পাঁচ বছরের নীচে।

এই রোগাক্রান্তদের ৯২ শতাংশ হয় টিকা নেয়নি, অথবা তাদের টিকাদান সম্পর্কে কোনো খবর পাওয়া যায়নি।

---------------------

ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে একদিনের ক্রিকেট সিরিজের তৃতীয় তথা শেষ ম্যাচে ভারতের সামনে অস্ট্রেলিয়া ২৩৭ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। সিডনিতে আজ টসে জিতে অস্ট্রেলিয়া প্রথমে ব্যাট করে ৪৬ ওভার ৪ বলে সব উইকেট হারিয়ে ২৩৬ রান করে।

শেষ খবর পাওয়া পর্যন্ত ভারত ৯ ওভার ৪ বলে বিনা উইকেটে ৬২ রান করেছে।

--------------------- ---------------------